ক্রসরেল কি?

ক্রসরেল হল লন্ডন এবং দক্ষিন পূর্বের জন্য একটি উদ্ভাবনী নতুন রেল পথ। এটি গণপরিবহন ব্যবস্থাকে এমন ভাবে রুপান্তর করবে যে, বর্তমান সেবার গাদাগাদি দুর করে এই পরিবহন ব্যবস্থায় দ্রুততর ভ্রমন প্রদান করবে। এটি রাজধানীর পূর্ব ও পশ্চিমের সাথে ক্যানারী ওয়ার্ফ, দি ওয়েষ্ট এ্যান্ড এবং হিথ্রো বিমান বন্দরকে যুক্ত করবে যা প্রায় ১.৫ মিলিয়ন প্রাত্যহিক যাত্রীকে ৬০ মিনিটের মধ্যে লন্ডনের কেন্দ্রে যাতায়াতের নাগালের মধ্যে আনবে।

ক্রসরেল হল ইউরোপের বৃহত্তম প্রকৌশলী প্রকল্প। এটি টিএফএল এর বিনিয়োগ কর্মসূচির প্রধান অংশ এবং বিগত ৫০ বছরে লন্ডন ও দক্ষিন পূর্ব অঞ্চলের পরিবহন খাতে বৃহত্তম সংযোজন। এটি নতুন কর্মসংস্থান সৃষ্টি সুযোগ, পার্শ্বতী এলাকা নবায়ন এবং বিভিন্ন সম্প্রদায়কে যুক্ত করার মাধ্যমে হাজার হাজার মানুষের জীবন যাত্রার উন্নয়নে সহায়তা করবে।

এই রেলপথ বৃটিশ অর্থণীতিতে কমপক্ষে ২০ বিলিয়ন পাউন্ড অবদান রাখবে। যাইহোক, আমরা প্রত্যাশা করি এ অবদানের অঙ্ক আরো বিপুল যা আনুমানিক ৩৬ বিলিয়ন পাউন্ড এর কাছাকাছি যা বিশ্বনগরী এবং প্রধান অর্থনৈতিক কেন্দ্র হিসাবে লন্ডনের অবিরাম টেকসই উন্নয়ন নিশ্চিত করবে।

নতুন সংযোগসমুহ

লন্ডনের পার্শ্ববর্তী অঞ্চলে বিস্তৃত পরিসরে নিরবচ্ছিন্ন যোগাযোগের জন্য এই নতুন রেলপথটি বর্তমান রেল, বাস এবং আকাশপথের সাথে সংযোজিত হবে। টিকিটের ব্যবস্থাটি সম্পূর্ণভাবেই টিএফএল এর বাস এবং আন্ডারগ্রাউন্ড নেটওয়ার্কের সাথে অঙ্গীভূত থাকবে।

ডকল্যান্ডস লাইট রেলওয়ে এবং লন্ডন আন্ডারগ্রাউন্ডের সাথে সরাসরি সংযোগের পাশাপাশি ক্রসরেল সংযোগ করবে ফ্যারিংডনে থেমস লিংক এর সাথে, ইউরোষ্টার এবং হাই স্পীড ১ স্থানীয় সেবাসমুহের সাথে ষ্ট্রাটফোর্ডে, ভূপৃষ্ট সেবা সমূহ হোয়াইট চ্যাপেলে এবং ষ্ট্রাটফোর্ডে, এবং ইর্লিং ব্রডওয়ে সহ জাতীয় রেল সেবার ১০টি ষ্টেশনের সাথে।

ক্রসরেল হিথ্রোর সাথে সরাসরি এবং লিভারপুল হয়ে স্ট্যানস্টেড বিমানবন্দর এবং টেইমসলিংক হয়ে গ্যাটউইক এবং লুটন বিমান বন্দরের সাথে যুক্ত থাকবে।

নতুন স্টেশনসমুহ

লন্ডনে ভ্রমনকে সহজতর এবং আরও আরামদায়ক করার উদ্দেশ্যে সাজানো এই ক্রসরেল যাত্রাপথে ভূগর্ভস্থ ৮টি নতুন স্টেশন সহ মোট ৩৭টি স্টেশন থাকবে।

বর্তমানের অধিকাংশ স্টেশনগুলো নতুন এবং উন্নত করা হবে বিস্তৃত টিকেট ঘর সহ ক্রসরেল এবং বর্তমান লাইনসমুহরর যাত্রীদের সুবিধার্থে।

ক্রসরেল স্টেশন গুলো মুক্ত, পর্যাপ্ত আলো ও সিসিটিভি দ্বারা একটি নিরাপদ ও সুরক্ষিত সেবা প্রদান করবে।

ভ্রমনের সময় সংকোচন

ক্রসরেলে ভ্রমন বর্তমান ভ্রমন সময়কে চমকপ্রদ ভাবে অর্ধেক পর্যন্ত কমিয়ে আনবে।

এই সেবা দ্রুত এবং ঘনঘন হবে, মধ্য অংশে ব্যস্ত সময়ে ঘন্টায় ২৪টি ট্রেন সহ

উদাহরন স্বরূপ নতুন যাত্রাপথের সময়:

শ্যও - টটেনাম কোর্ট রোড	৩৬ মিনিট
রমফোর্ড - বন্ড স্ট্রীট	৩৫ মিনিট
হোয়াইট চ্যাপেল - অ্যাবি উড	১৬ মিনিট
ইর্লিং ব্রডওয়ে - ফ্যারিংডন	২০ মিনিট
হিথ্রো বিমানবন্দর - প্যাডিংটন	২৬ মিনিট
হিথ্রো - লিভারপুল স্ট্রীট	৩৬ মিনিট
হিথ্রো - ক্যানারী ওয়ার্ফ	৪৩ মিনিট
মেইডেন হেড - লিভারপুল স্ট্রীট	৫১ মিনিট



রেলগাড়ী

ক্রসরেলের হবে ২০০ মিটার লম্বা এবং ১০টি শীতাতপ নিয়ন্ত্রিত কামড়া অন্তর্ভুক্ত যার প্রত্যেকটি তিন সেট দরজাবিশিষ্ট।

প্রতিটি রেলগাড়ি ১,৫০০ বসা এবং দাড়ানো যাত্রী ব্যস্ত সময়ে বহন করবে যা প্রতি ঘন্টায় হবে ৭৮,০০০ যাত্রী!

সুড়ঙ্গ পথ

কেন্দ্রীয় লন্ডনের ভূগর্ভে ২১ কিমিঃ দীর্ঘ একটি দ্বিমূখী সুড়ঙ্গ পথ তৈরী করা হবে।

যোগাযোগ: Crossrail • FREEPOST NAT6945 • London • SW1H 0BR

Crossing the Capital
Connecting the UK

সহায়তা ডেস্ক: 0345 602 3813
দিনে ২৪ ঘন্টা, সপ্তাহে ৭ দিন

helpdesk@crossrail.co.uk
www.crossrail.co.uk

প্রকল্পের মেয়াদকাল

অক্টোবর ২০০৭ এ প্রধান মন্ত্রী গর্ডন ব্রাউন ঘোষনা করেছিলেন যে নতুন রেল পথের জন্য তহবিল রয়েছে এবং প্রকল্পের প্রথম ভাগের কাজ শুরু করার পরিকল্পনা এখন চূড়ান্ত হচ্ছে।

পার্লামেন্টের নিবিড় পর্যবেক্ষনের পর ক্রসরেলের কাজটি ২০০৮ সালের জুলাই মাসে আইনে পরিণত হয়। এটি রেল পথের নির্মানের কাজকে অগ্রসর করার অনুমতি দেয়।

- ২০০৯: নকশা, সংগ্রহ এবং কাজ সক্ষমতা
- ২০১০: মূল নির্মান কাজ শুরু
- ২০১৭: ক্রসরেল সেবা প্রদান শুরু

স্থানীয় সুযোগসমুহ

প্রয়োজনীয় পরিবহন সংকুলান সংস্থান করা সহ ক্রসরেল উন্নতিসাধন এবং অর্থনীতি সমর্থনে গুরুত্বপূণ ভূমিকা রাখে।

২০১০ সালে কাজ শুরু হলে ক্রসরেলের নির্মান কাজ সমাপ্ত করতে ১৪,০০০ লোকের প্রয়োজন হবে ব্যস্ত নির্মাণ কাজের সময়। এই প্রকল্পে স্থানীয় জনগনের যথার্থ সুযোগ ও দক্ষতা সৃষ্টি করে যাতে তারা এ প্রকল্পে কাজ করতে পারে সে জন্য ক্রসরেল একটি প্রশিক্ষন কেন্দ্র প্রতিষ্ঠা করতে চায়। এই কেন্দ্রটি ২০১০ সালে চালু হওয়ার কথা রয়েছে।

পরিবেশ

ক্রসরেল পরিবেশ নীতিমালা অনুযায়ী পরিবেশের প্রতি যত্নশীল হতে প্রতিশ্রুতিবদ্ধ। প্রয়োজনীয় পরিবহন সুবিধা প্রদানের পাশাপাশি সহায়ক পুনরুদ্ধার এবং অর্থনীতিতে ক্রসরেলের একটি গুরুত্বপূর্ন ভূমিকা রয়েছে। ক্রসরেল নির্মান কাজে লন্ডনবাসীদের গুরুত্বপূর্ন অংশগ্রহণ এই উদ্দেশ্যটি নিশ্চিত করেছে।

এমনকি এ নুতন রেল পথের পরিকল্পনা, নির্মাণ ও চালু করা থেকে উদ্ভূত সম্ভাব্য পরিবেশগত প্রভাব শনাক্ত করার জন্য আমরা পরিবেশগত প্রভাব নির্ণয় সমাপ্ত করেছি, এবং যেখানে যথাযথ আমরা এগুলোকে কম উদ্বেগী করার ব্যবস্থা গ্রহন করবো। এটা নিশ্চিত করার জন্য আমরা আগ্রহী যে রেল পথটা এমন ভাবে নির্মাণ করা এবং চালানো হবে যা টিকে থাকার সর্বোচ্চ সম্ভবনা অর্জন করবে এবং বাস্তবে যত কম সম্ভব সে পরিমান কার্বন ফুটপ্রিন্ট রাখবে। আমাদের পরিশেগত বিবরণ এবং পরিশেগত নীতি উভয়ই পাওয়া যাবে: www.crossrail.co.uk

Photograph courtesy of MoLAS

অধিকতর প্রবেশ্যতা

সচলতা হ্রাসকৃত লোকদর জন্য উন্নত পরিবহন সুযোগ প্রদানের দৃষ্টি রেখে নতুন সিড়ি-বিহীন (স্টেপ-ফ্রি একসেস) স্টেশন এবং বৈশিষ্ট্য যেমন প্রশস্ত দরজা, হুইল চেয়ার রাখার নির্দিষ্ট যায়গা, স্পর্শগ্রাহ্য বহির্ভাগ এবং লাউড স্পিকারে (উচ্চস্বরে) ঘোষনা ইত্যাদির আলোকে ক্রসরেলের নকশা করা হয়েছে।

এই নকশা এবং কার্যক্রম শিশু, মালপত্র এবং প্রতিবন্ধীদের নিয়ে ভ্রমনের সকল চাহিদা পূরন করবে। যাদের প্রথম ভাষা ইংরেজী নয় তাদেরকেও এই সেবা সাহায্য করবে।

ক্রসরেলের নিবেদক এই প্রকল্পের যৌথ মালিক ক্রসরেল লিমিটেড (সিআরএল) এবং এর অংশীদার ডিপার্টমেন্ট ফর ট্রান্সপোর্ট (ডিএফটি) এবং ট্রান্সপোর্ট ফর লন্ডন (টিএফএল)। সিআরএল সম্পূর্নভাবে টিএফএল এর মালিকানাধীন।

যাত্রা শুরু!

ক্রসরেল গাদাগাদি ও জনাকীর্নতা হ্রাস করবে লন্ডনের সর্বমোট গণপরিবহন ব্যবস্থায় শতকরা ১০ ভাগ সংযোজনের মাধ্যমে।

ক্রস রেলের উপর পরামর্শ

চূড়ান্ত নকশায় রেল পথ দ্বারা প্রভাবিত বহু লোক ও শ্রেণীর মতামতকে বিবেচনায় আনা হয়েছে।

আমরা স্থানীয় জনগোষ্টীর দ্বারা পরামর্শ গ্রহণ এবং পরিকল্পনা অগ্রসর করছি।

ক্রসরেল সম্পর্কিত তথ্য ছাপাকৃত, অন্ধদের জন্য, সহজ পঠন, অডিও ক্যাসেট অথবা সিডি আকারে পেতে ক্রস রেলের সাথে নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন।

Information about Crossrail is available in a range of languages, audio, Easy Read and Braille. Please tick the relevant box to show the format you require. Include your name and address and return to Crossrail at the address below.

Name: ____________________

Address: ____________________

____

__________ Postcode: __________

☐ Audio ☐ Braille ☐ Easy Read

☐ Arabic [illegible]

☐ Bengali [illegible]

☐ Chinese [illegible]

☐ Greek [illegible]

☐ Gujarati [illegible]

☐ Hindi [illegible]

☐ Punjabi [illegible]

☐ Somali [illegible]

☐ Turkish Crossrail hakkındaki bilgileri çeşitli dillerde, sesli ve Braille harfler alfabesiyle yazılmış olarak alabilirsiniz. Lütfen nasıl istediğinizi gösteren kutuyu işaretleyin. Adınızı ve adresinizi de ekleyerek, Crossrail'in aşağıdaki adresine gönderin.

☐ Urdu [illegible]

☐ Vietnamese Thông tin về Crossrail có sẵn bằng nhiều thứ tiếng, ghi âm và Braille (ngôn ngữ dành cho người mù). Xin vui lòng đánh dấu vào ô liên hệ để biểu lộ dạng thức quý vị yêu cầu. Hãy ghi tên và địa chỉ đồng thời hoàn lại cho Crossrail theo địa chỉ dưới đây.

Please specify other language

June 2009